



# সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

শিয়ালকোল, সিরাজগঞ্জ  
পোস্ট কোড নং-৬৭০০

“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”

সরাসরি-০৭৫১--৬২৮৪৫  
E-Mail-sirajgonjpbs02@gmail.com

স্মারক নং-২৭.১২.৮৮৭৮.৫৭৩.০৫.০০৮.১৯.

৬৭২৬


তারিখ : ২৭ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ।  
১২ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ।

## বিষয়ঃ রেগুলার ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণের নিমিত্তে আবেদনপত্র আহ্বান।

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ভৌগলিক এলাকাজুক্ত সিরাজগঞ্জ সদর, বেলকুচি, কাজিপুর, কামারখন্দ ও চৌহালী (আংশিক) উপজেলায় স্থায়ীভাবে বসবাসরত সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২০২০খ্রিঃ “মুজিব বর্ষ” হিসাবে পালন উপলক্ষ্যে বৈদ্যুতিক কর্মপেশায় দক্ষ জনশক্তি সৃষ্টির উদ্দেশ্যে শিক্ষিত, বেকার আত্মহী ও উদ্যমী, সং ও নিষ্ঠাবান পুরুষ/ মহিলাদের নিকট হতে রেগুলার ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্তে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।  
**যোগ্যতা ও শর্তাবলী :**


- ০১। প্রার্থীকে এস.এস.সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ০২। আবেদনের তারিখে (২৬/১২/২০১৯খ্রিঃ) বয়স সর্বোচ্চ ৪০ (চল্লিশ) বছরের মধ্যে হতে হবে।
- ০৩। প্রশিক্ষণের জন্য নির্বাচিত প্রার্থীগণকে কোন প্রশিক্ষণ ফি প্রদান করতে হবে না।
- ০৪। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ চলাকালীন সময়ে সমিতি কতৃক চা নাস্তা ও দুপুরের খাওয়ার ব্যবস্থা করা হবে।
- ০৫। এই প্রশিক্ষণ কোর্স কোন প্রকার চাকুরীর নিশ্চয়তা প্রদান করবে না।
- ০৬। প্রশিক্ষণ শেষে বিদ্যুৎ লাইসেন্সবোর্ড কতৃক গ ও খ শ্রেণীর ওয়ার্ক পারমিট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ০৭। প্রদত্ত তথ্য ভবিষ্যতে ভুল/মিথ্যা বলে প্রমানিত হলে প্রশিক্ষণে উত্তীর্ণ হওয়ার পরও তা বাতিলসহ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৮। মৌখিক পরীক্ষা আগামী ২৮/১২/২০১৯ খ্রিঃ তারিখ, সকাল ০৯ঃ০০ ঘটিকায় সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তরে অনুষ্ঠিত হবে, মৌখিক পরীক্ষার দিন আবেদন পত্রের শর্তানুযায়ী S.S.C পাশের মূল সনদপত্র সহ মূল কাগজপত্র সংগে আনতে হবে।
- ০৯। উত্তীর্ণ প্রার্থীদের নামের তালিকা সমিতির সদর দপ্তরের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে এবং সমিতির সদর দপ্তরে প্রশিক্ষণ কক্ষে ব্যাচভিত্তিক পর্যায়ক্রমিক প্রশিক্ষণ প্রদান করা হবে।
- ১০। প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে বাপবিবো/ পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

উপরোক্ত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন পূর্বক প্রশিক্ষণ গ্রহণে আত্মহী প্রার্থীদের A4 সাইজের সাদা কাগজে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), বৈবাহিক অবস্থা ও মোবাইল নম্বর উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। আবেদনের সাথে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি, সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভা মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (স্থায়ীভাবে বসবাসের সমর্থনে)- এর সত্যায়িত ফটোকপি ও চারিত্রিক সনদপত্র সংযুক্ত করে মুখবন্ধ খামে ভরে ডাকযোগে অথবা সরাসরি আগামী ২৬/১২/২০১৯ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২, শিয়ালকোল, সিরাজগঞ্জ- এই ঠিকানায় আবেদনপত্র প্রেরণ করতে হবে। বিলম্বে প্রাপ্ত ও অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

  
(প্রকৌঃ সৈয়দ কামরুল হাসান)  
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ-** (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)ঃ-বহুল প্রচারের অনুরোধসহ)।

- ০১। পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন(উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার/সিভিল সার্জন, সিরাজগঞ্জ।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার .....পবিস-১/২/৩/৪।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার,.....উপজেলা, সিরাজগঞ্জ।
- ০৬। অধ্যক্ষ, ভোকেশনাল ইন্সটিটিউট, সিরাজগঞ্জ।
- ০৭। জেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিরাজগঞ্জ।
- ০৮। অধ্যক্ষ/সুপারিনটেনডেন্ট/প্রধান শিক্ষক.....।
- ০৯। ডিজিএম, কারিগরী-সদর দপ্তর/বেলকুচি/কাজিপুর জোনাল অফিস, সিরাজগঞ্জ পবিস-২।
- ১০। উপজেলা শিক্ষা কর্মকর্তা, .....উপজেলা, সিরাজগঞ্জ।
- ১১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, .....উপজেলা, সিরাজগঞ্জ।
- ১২। চেয়ারম্যান .....ইউনিয়ন পরিষদ।
- ১৩। জনাব.....এলাকা/মহিলা পরিচালক, সিরাজগঞ্জ পবিস-২।
- ১৪। এজিএম (অর্থ/ওএন্ডএম/এমএস/ইএন্ডসি/ ওএন্ডএম, কামারখন্দ সাব-জোনাল অফিস), সিরাজগঞ্জ পবিস-২।
- ১৫। নোটিশ বোর্ড, সিপবিস-২।

  
(প্রকৌঃ সৈয়দ কামরুল হাসান)  
জেনারেল ম্যানেজার